DEC. 09 2001

ভোরের কাগজ

আলোচনা সভায় অভিমত

# প্রতি বছর ৮ হাজার ডিপ্লোমা ইঞ্জিনিয়ার বের হলেও তাদের চাকরির বাজার সীমিত

কাগজ প্রতিবেদক : সারা দেশে ২০টি সরকারি এবং ৪২টি বেসরকারি কারিগরি শিক্ষা
প্রতিষ্ঠান থেকে প্রতি বছর প্রায় ৮ হাজার ডিপ্লোমা ইঞ্জিনিয়ার বের হলেও চাকরির
বাজারে তাদের প্রবেশ খুবই সীমিত।
গতকাল শনিবার ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের উদ্যোগে আগারগাঁওয়ে
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সম্মেলন কক্ষে 'কারিগরি শিক্ষা ব্যবস্থায় বেসরকারি
উদ্যোগ— সম্ভাবনা ও সমস্যা' শীর্ষক আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন।
আলোচনা সভায় বক্তব্য রাখেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের সাবেক মহাপরিচালক
আবদুর রফিক, অধিদপ্তরের বর্তমান মহাপরিচালক অধ্যাপক মোঃ আবুল বাশার,
কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান নুরুন নবী খান প্রমুখ। মূল প্রবন্ধ পাঠ করেন বোর্ডের
সাবেক চেয়ারম্যান সাইফুল হক।
বক্তারা বলেন, দেশে এখন যে কর্মদক্ষতা বিরাজ করছে, তা খুবই নিম্নমানের। এটা
বৃদ্ধির জন্য মিড লেবেল ইঞ্জিনিয়ার অর্থাৎ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের কর্মদক্ষতাকে
ব্যাপকভাবে প্রসারিত করা দরকার। সেজন্য বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান
প্রতিষ্ঠিত করার পাশাপাশি চাকরির ক্ষেত্রও তৈরি করা প্রয়োজন।
তারা বলেন, সরকারের বিদ্যুৎ, পানি, গ্যাসসহ বিভিন্ন ক্ষেত্রে ডিপ্লোমা
ইঞ্জিনিয়ারদের সুযোগ ১ অনুপাত ৫ হলেও, এই সুযোগও যথাযথভাবে গ্রহণ করতে
পারছে না ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা।
বক্তারা আরো বলেন, চাকরির এই সীমিত পরিস্থিতি নিরসনে সরকার সার্টিফিকেট
জমা রেখে স্বকর্মস্থান তৈরির জন্য ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ঋণ প্রদানের উদ্যোগ নিতে
পারে।
আলোচনা সভায় বক্তারা কারিগরি শিক্ষার সমস্যার কথা উল্লেখ করে বলেন, সরকারি
প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার, ইলেকট্রিক্যাল,
মেকানিক্যাল বিভিন্ন বিষয়ে শিক্ষা উপকরণের ব্যাপক অপ্রতুলতা রয়েছে। এছাড়
সরকারি প্রতিষ্ঠানে ৬৪ শতাংশ ছাত্র বৃত্তি থাকার নিয়ম থাকলেও বেসরকারি
প্রতিষ্ঠানগুলোতে বৃত্তি প্রদানের এই নিয়ম নেই। ফলে বেসরকারি উদ্যোগ থাকলেও
সফলতার ক্ষেত্রে তা বিভিন্ন সমস্যায় আক্রান্ত হচ্ছে।
মূল প্রবন্ধে সাইফুল হক বলেন, সরকারি উদ্যোগে কারিগরি শিক্ষা ব্যবস্থার এমনই
দূরবস্থা যে, ১৯৫৪ সালের পর থেকে এখন পর্যন্ত মাত্র ২০টি সরকারি কারিগরি শিক্ষা
প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে। অথচ ১৯৯৭ থেকে বেসরকারি উদ্যোগে প্রায় ৪২টি প্রতিষ্ঠান
স্থাপিত হয়েছে। তিনি বলেন, অবশ্যই বেসরকারি উদ্যোগকে আরো প্রসারিত করতে